

গোয়াইনঘাট উপজেলার এনজিও সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোহাম্মদ আজিজুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট।
 সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
 সভার তারিখ ও সময় : ২১/০১/২০১৫ খ্রিঃ, সকাল ১১.০০টা
 সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপস্থিত ব্র্যাক প্রতিনিধি জনাব মোস্তাকিম হোসেন বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	আলোচনা - ১ : সভাপতি বলেন এ উপজেলায় বর্তমানে বেশ কিছু বেসরকারী উন্নয়ন প্রতিষ্ঠান বিভিন্ন সেটরে কাজ করছে। কিন্তু পরস্পরের সাথে পরিচিতি বা তেমন যোগাযোগও নেই। তাই তিনি দ্বিমাসিক সমন্বয় সভায় সকলকে নিয়মিত উপস্থিত হওয়ার এবং পরস্পরের সাথে যোগাযোগ বৃদ্ধির আহবান জানান। তিনি আরো বলেন এতে কর্মসূচির দ্বৈততা এড়ানো ও কর্মসূচি বাস্তবায়ন সহজতর হবে।	প্রতি দুই মাস অন্তর এনজিও বিষয়ক সমন্বয় সভা নিয়মিত আয়োজন ও সভায় সকলের অংশগ্রহন নিশ্চিত করনের সিদ্ধান্ত গৃহিত হয়।	সকল এনজিও প্রতিনিধি সংশ্লিষ্ট
২	আলোচনা - ২ : সভায় ইসলামিক রিলিফ বাংলাদেশ প্রতিনিধি মোঃ আব্দুর রহিম বলেন, পূর্ব জাফলং, ডৌবাড়ী ও ফতেপুর ইউনিয়নে বিশুদ্ধ পানীয় জল সরবরাহের উদ্দেশ্যে ওয়াশ প্রকল্প চালু হয়েছে। এর মাধ্যমে ইউনিয়নের বিভিন্ন স্থানে ১৪০ টি অগভীর নলকূপ স্থাপন করা হবে। একাজে তিনি স্থানীয় প্রশাসন, ইউনিয়ন পরিষদ ও গন্যমান্য ব্যক্তিবর্গের সহযোগিতা কামনা করেন।	সুবিধাভোগী চিহ্নিতকরণ থেকে প্রকল্প বাস্তবায়ন সকল পর্যায়ে ইসলামিক রিলিফ স্থানীয় ইউনিয়ন পরিষদকে সম্পূর্ণ রাখবেন এবং কাজের অগ্রগতি বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও ইউনিয়ন পরিষদকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	১। ইসলামিক রিলিফ বাংলাদেশ প্রতিনিধি ২। ইউপি চেয়ারম্যান (সংশ্লিষ্ট)
৩	আলোচনা - ৩ : সভায় ওয়ার্ল্ড ভিশন প্রতিনিধি জনাব হাবিব আহমেদ নোমান বলেন ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ উপজেলা প্রশাসন এর সার্বিক সহযোগিতায় পূর্ব জাফলং, পশ্চিম জাফলং, লেংগুড়া ও আলীরগাঁও ইউনিয়নে কর্মসূচী বাস্তবায়ন করছে। এজন্য তিনি উপজেলা প্রশাসন সহ জনপ্রতিনিধিদের ধন্যবাদ জানান।	উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান সমূহ স্থানীয় প্রশাসন ও ইউনিয়ন পরিষদকে সম্পূর্ণ রেখে উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	১। উপজেলা প্রশাসন ২। ইউপি চেয়ারম্যান (সকল) ৩। এনজিও প্রতিনিধি
৪	বিবিধ : আলোচনায় অংশ নিয়ে এনজিও প্রতিনিধিগণ বলেন, এ উপজেলায় নিজ নিজ কর্মকান্ড সুস্থভাবে সম্পাদিত হচ্ছে। কর্মসূচি বাস্তবায়নে স্থানীয় জনগণও সহযোগিতা করছেন বলে তারা জানান। বিভিন্ন জাতীয় দিবসে উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান সমূহ কর্মসূচি গ্রহন করবেন মর্মে জানান।	কর্মরত সকল এনজিও সমূহ তাদের কার্যক্রম বাস্তবায়নে জন অংশগ্রহন নিশ্চিত করবেন এবং উন্নয়ন কাজে দীর্ঘমেয়াদে প্রতিবন্ধকতা সৃষ্টি করে বা সামাজিক শৃংখলা বিঘ্নিত করে এরূপ কর্মকান্ড থেকে বিরত থাকবেন এবং কোন কাজে যাতে দ্বৈততা সৃষ্টি না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রাখবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়।	৩। এনজিও প্রতিনিধি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আজিজুল ইসলাম)
 উপজেলা নির্বাহী অফিসার
 গোয়াইনঘাট, সিলেট।
 ফোন : ০৮২২৮-৫৬০০১

unogowainghat@mopa.gov.bd

তারিখ : ২১/০১/১৫

স্মারক নং উনিঅক/গোঃঘাট/২০১৫-
 অনুলিপি, সদয় অবগতির জন্য :

- ১। জেলা প্রশাসক, সিলেট।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
 অনুলিপি, অবগতি ও কার্যার্থেঃ
- ৩। চেয়ারম্যান..... ইউপি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
- ৪। প্রতিনিধি.....গোয়াইনঘাট, সিলেট।
- ৫। অফিস কপি

উপজেলা নির্বাহী অফিসার
 গোয়াইনঘাট, সিলেট।